# আন্তঃমন্ত্রণালয় সভার পর স্থানীয় সরকার নির্বাচনের তফসিল: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

আন্তঃমন্ত্রণালয় সভা শেষে স্থানীয় সরকার নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, নির্বাচন কমিশন সাংবিধানিকভাবেই তাদের কার্যক্রম পরিচালনা করছে।

মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) সচিবালয়ে যানজট নিরসন নিয়ে আয়োজিত সভা শেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি।

মানবতাবিরোধী অপরাধের মামলায় সাতজনের মৃত্যুদণ্ডের রায় প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এর মাধ্যমে দেশের মানুষ সুবিচার পেয়েছে। একই সঙ্গে গুলশানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের মিছিলের ঘটনায় সরকার ব্যবস্থা নিয়েছে বলেও জানান তিনি।

রাজধানীর যানজট একদিনে দূর করা সম্ভব নয় উল্লেখ করে সালাহউদ্দিন আহমদ বলেন, সমস্যা সমাধানে সমন্বিতভাবে কাজ শুরু হয়েছে। যানজট কমাতে কয়েকটি বাসস্ট্যান্ড অন্যত্র সরিয়ে নেওয়ার সিদ্ধান্ত হয়েছে।

অটোরিকশা বন্ধের পক্ষে সরকার নয় জানিয়ে তিনি বলেন, অবৈধভাবে বিদ্যুৎ দিয়ে অটোরিকশা চার্জ দেওয়ার প্রবণতা বন্ধে বিভিন্ন স্থানে অভিযান চালানো হচ্ছে।

LENS ASIA